

## 97641 - যে নারী তার স্বামীকে প্রচণ্ডভাবে রাগিয়ে তালাক চেয়েছে এবং স্বামী তাকে তালাক দিয়ে দিছে

### প্রশ্ন

আমি আমার স্বামীকে প্রচণ্ডভাবে রাগিয়েছি। তার কাছ থেকে তালাক চেয়েছি এবং তাকে তালাক দিতে বাধ্য করেছি। আমি ঘরের দরজা বন্ধ করে তাকে বলেছি: তুমি আমাকে তালাক না দিয়ে বের হতে পারবে না। তখন তিনি রাগান্বিত অবস্থায় আমাকে তালাক দিয়েছেন। আমাকে তালাক দেয়ার তার কোন নিয়ত ছিল না। এখন আমি সেজন্য অনুতপ্ত। এই তালাক কি পতিত হবে?

### প্রিয় উত্তর

#### এক:

রাগের অবস্থার কিছু তালাক আলেমদের সর্বসম্মতিক্রমে পতিত হয় না। আর কিছু তালাক আলেমদের সর্বসম্মতিক্রমে পতিত হয়। আর কিছু তালাক নিয়ে আলেমদের মাঝে মতভেদ আছে। এটি নির্ভর করবে রাগের প্রকার ও মাত্রার উপর। ইতিপূর্বে 22034 নং প্রশ্নোত্তরে এ বিষয়ে আলোচনা করা হয়েছে।

সার কথা হচ্ছে: যে রাগ ব্যক্তিকে তার অনুভূতি ও বোধশক্তি থেকে বের করে দেয়; এই রাগের অবস্থার তালাক পতিত হবে না।

অনুরূপভাবে এত তীব্র রাগ যা মানুষকে তালাক দেয়ার দিকে ধাবিত করে। যদি শান্ত ও বিচার-বিবেচনার পরিবেশে হত তাহলে সে ব্যক্তি তালাক দিত না; এমন রাগের অবস্থার তালাকও একদল আলেমের নির্বাচিত মতানুসারে পতিত হবে না।

পূর্বোক্ত আলোচনার ভিত্তিতে যেহেতু আপনার স্বামী প্রচণ্ড রাগের অবস্থায় তালাক উচ্চারণ করেছেন; এ কারণে এই তালাক পতিত হবে না।

#### দুই:

কোন নারীর জন্য তার স্বামীর কাছে তালাক চাওয়া জায়েয নয়। যদি তালাক চাওয়ার মত কোন কারণ থাকে যেমন- স্বামীর দুর্ব্যবহার তাহলে ভিন্ন কথা। দলিল হচ্ছে ছাওবান (রাঃ) থেকে বর্ণিত হাদিস; তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “যে নারী কার্ঠিন্যের শিকার হওয়া ছাড়া তার স্বামীর কাছ থেকে তালাক চায় সে নারী জান্নাতের সুস্বাগ পাবে না।” [সুন্নে আবু দাউদ (২২২৬), সুন্নে তিরমিযি (১১৮৭) ও সুন্নে ইবনে মাজাহ (২০৫৫), আলবানী ‘সহিহ আবু দাউদ’ গ্রন্থে হাদিসটিকে সহিহ বলেছেন]

কিন্তু যদি তীব্র রাগ ও মানসিক চাপের বশঃবতী হয়ে করে থাকে তাহলে তার উচিত আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করা এবং পুনরায় এ কাজ না করা।

আল্লাহই সর্বজ্ঞ।